

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মুসক আইন ও বিধি শাখা]

আদেশ

নং-০১/মুসক/২০২২ তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মুসক) এর প্রযোজ্যতা।

সূত্র : ১) বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর পত্র নং ১৪.৩৪.০০০০.৩২১.৩৪.০০১.১৯.১১১১৪, তারিখ : ০৭-০২-২০২২ খ্রিঃ ৪

২) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং ২৩৭-আইন/২০২০/১২১-মুসক, তারিখ : ১৫-০৮-২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় ১ নং পত্রটি পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ITC (International Terrestrial Cable) ও ILDC (International Long Distance Cable) সেবাসমূহের প্রকৃতি একইরূপ বিবেচনায় ILDC সেবার ক্ষেত্রেও প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মুসক, তারিখ : ১৫-০৮-২০২০ খ্রিঃ অনুযায়ী ৫% (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রযোজ্য হবে মর্মে অবহিত করেছেন।

(১০০২৯)

মূল্য : টাকা ৪.০০

০৩। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং ২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ : ১৫-০৮-২০২০ খ্রিঃ এ International Terrestrial Cable (ITC), International Internet Gateway (IIG) ও Nationalwide Telecommunication Network (NTTN) সেবার ক্ষেত্রে ৫% (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে।

০৪। BSCCL এর পত্র মারফত জানা যায়, ITC অপারেটরগণ ও ILDC অপারেটরগণ উভয় বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয়ে দেশের অভ্যন্তরীণ অপারেটরগণকে ইন্টারনেট ব্যান্ডউইথ সেবা প্রদান করে থাকে। এক্ষেত্রে বিএসসিসিএল ILDC অপারেটর হিসেবে নিজস্ব টেলিযোগাযোগ অবকাঠামো ব্যবহার করে সাগরের তলদেশ দিয়ে বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয় এবং ITC অপারেটরগণ স্থলপথে পার্শ্ববর্তী ভারতীয় Tata communications, Airtel ইত্যাদি অপারেটরগণের সহায়তায় সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয়। ILDC (International Long Distance Cable) ও ITC (International Terrestrial Cable) অপারেটরগণ উভয়ই সরকার কর্তৃক প্রণীত ILDTs (International Long Distance Telecommunication Services) নীতিমালা অনুযায়ী একই ধরনের কার্যক্রম পরিচালনা করে। দেশের মোট ব্যান্ডউইথ চাহিদার প্রায় ৬০ শতাংশ ILDC অপারেটর হিসেবে বিএসসিসিএল সরবরাহ করছে। দেশের ব্যান্ডউইথ চাহিদার অবশিষ্ট অংশ পূরণ করে থাকে ITC (International Terrestrial Cable) অপারেটরগণ। দেশে ব্যান্ডউইথ বিতরণের ক্ষেত্রে ITC অপারেটরগণ ও ILDC অপারেটর হিসেবে বিএসসিসিএল একই ধাপে (Tier) অবস্থিত।

০৫। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবা এবং International Terrestrial Cable (ITC) সেবা একই ধরনের। সুতরাং, ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ : ১৫-০৮-২০২০ খ্রিঃ এর অব্যাহতি প্রযোজ্য হওয়া যুক্তিযুক্ত।

০৬। বর্ধিতবস্থায়, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে, প্রজ্ঞাপন এস.আর.ও নং ২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ : ১৫-০৮-২০২০ খ্রিঃ এর মর্মানুযায়ী ৫% (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রযোজ্য হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।